

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd; যুউঅ.বাংলা

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.১৮.০২২.১৮- ১১৬


তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর, মহাপরিচালক এর কার্যালয়ের বিভিন্ন কর্মকর্তাদের নাম ও পদবী ব্যবহার করে মোবাইল ফোন ও হোয়াটসঅ্যাপ (WhatsApp) এ প্রতারক চক্রের বিভিন্ন নম্বর থেকে কল দিয়ে প্রলোভন দেখানো হচ্ছে। মাঠ পর্যায়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের নিকট ফোন করে কখনো বদলি করা, বদলি ঠেকানো, আবার কখনো পদোন্নতির প্রক্রিয়ার কথা বলে অনাকাঙ্ক্ষিতভাবে অর্থ দাবি করা হচ্ছে। একইসাথে যার/যাদের নাম, পদবী ব্যবহার করা হচ্ছে, তাঁদের ভাবমূর্তি বিনষ্ট করার অথবা তাদেরকে হেয় প্রতিপন্ন করার হীন মানসিকতা লক্ষ্য করা যাচ্ছে। এই মর্মে ইতোপূর্বে সবাইকে এ ধরনের বিষয়গুলোতে সতর্ক করে পত্র জারি করা হয়েছিল। এছাড়া, অধিদপ্তরের 'DYD All Officials' হোয়াটসঅ্যাপ গ্রুপেও এ বিষয়ে একাধিকবার সতর্কতামূলক পোস্ট দেওয়া হয়েছে।

এ পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অধিদপ্তরের বদলি, পদোন্নতি, প্রশিক্ষণ, উচ্চতর গ্রেড প্রদানসহ প্রশাসনিক ও আর্থিক সকল কাজ সরকারি বিধি মোতাবেক সম্পাদন করা হয়। এক্ষেত্রে অর্থ বা চাঁদা দাবির মতো অনৈতিক আর্থিক সংশ্লিষ্টতার বিষয়ে কাউকে বিভ্রান্ত না হওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

এমতাবস্থায়, যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়, উপজেলা কার্যালয়, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন একাডেমি, আঞ্চলিক যুব উন্নয়ন একাডেমি-এর অফিসসমূহে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে এবং স্ব-স্ব কার্যালয়ের অফিস প্রধান তার অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীগণকে বিষয়টি অবহিতপূর্বক যথাযথ সতর্কতা অবলম্বন করতে ও কোনো প্রলোভনের ফাঁদে না পড়ার জন্য নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হলো।


(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন : ০২-২২৩৩৮৯৩৮৯
E-mail : dg@dyd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. পরিচালক/ প্রকল্প পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,(সকল)।
০৫. অধ্যক্ষ, যুব উন্নয়ন একাডেমি, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
০৬. কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, (সকল) জেলা।
০৭. প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮. ডেপুটি কোঅর্ডিনেটর (ব্লক বাটিক ও পোশাক), মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৯. ডেপুটি কোঅর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, (সকল) জেলা।
১০. সহকারী পরিচালক, আঞ্চলিক যুব উন্নয়ন একাডেমি, যুব উন্নয়ন অধিদপ্তর, (সকল)।
১১. সহকারী পরিচালক (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১২. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল) উপজেলা/মেট্রোপলিটন থানাজেলা।
১৩. প্রশাসনিক কর্মকর্তা কাম-হিসাব রক্ষক, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।